রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

## প্রজ্ঞাপন

ঢাকা, ২৮ বৈশাখ ১৪২৭/১১ মে ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১২০—আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও প্রভাবশালী মার্কিন সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক গত ২২ এপ্রিল ২০২০ তারিখে প্রকাশিত ‘8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis’-শীর্ষক নিবন্ধে কানাডিয়ান লেখক মিজ্ আভিভাহ উইটেনবার্গ-কক্স কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় নারী নেতৃত্বাধীন আটটি দেশের গৃহীত পদক্ষেপের ওপর আলোকপাত করেন।

২। উক্ত নিবন্ধে তিনি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন ১৬ কোটির অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশের নিকট দুর্যোগ-সংকট অপরিচিত কিছু নয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোভিড-১৯ করোনা ভাইরাস সংকট মোকাবেলায় ত্বরিত কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন, যা স্বনামধন্য আন্তর্জাতিক সংস্থা ‘ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম’ কর্তৃক ‘প্রশংসনীয় উদ্যোগ’ মর্মে আখ্যায়িত হয়েছে। উক্ত নিবন্ধে আরও উল্লেখ করা হয় যে, দেশটির সর্বাধিক মেয়াদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফেব্রুয়ারির প্রথম দিকে চীনে আটকে পড়া বাংলাদেশি নাগরিকদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করেন। তিনি মার্চের শুরুর দিকে দেশে প্রথম করোনা ভাইরাস সংক্রমণ শনাক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করেন এবং অত্যাবশ্যকীয় ব্যতীত অন্যান্য ব্যবসা-বাণিজ্য অনলাইনে পরিচালনার নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া, মাননীয় প্রধানমন্ত্রীর প্রাজ্ঞ নির্দেশনায় দেশের সকল আন্তর্জাতিক বিমানবন্দরে নোভেল করোনা ভাইরাস সংক্রমণ রোধের লক্ষ্যে উন্নত প্রযুক্তির স্ক্রিনিং ডিভাইস স্থাপন করা হয়, যার মাধ্যমে প্রায় সাড়ে ছয় লাখ যাত্রীকে স্ক্রিনিং-এর আওতায়


মূল্য : টাকা ৮.০০

আনা হয় এবং তাঁদের মধ্যে ৩৭ হাজার ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে কোয়ারেন্টিনে পাঠানো হয়। অনুরূপ উদ্যোগ যুক্তরাজ্যের ক্ষেত্রেও পরিলক্ষিত হয়নি। 'ফোর্বস'-এর উক্ত নিবন্ধে করোনা মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই সকল উদ্যোগের ভূয়সী প্রশংসা করা হয়।

৩। কোভিড-১৯ করোনা ভাইরাসের সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত পদক্ষেপসমূহ বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ইতোমধ্যে সন্তোষজনক মর্মে প্রশংসিত হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী 'ফোর্বস' কর্তৃক প্রকাশিত '8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis'-শীর্ষক নিবন্ধে উল্লিখিত সফল নারী নেত্রীদের তালিকায় অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মন্ত্রিসভা কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে মন্ত্রিসভার ২৪ বৈশাখ ১৪২৭/০৭ মে ২০২০ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়েছে।

৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

# মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা: ২৪ বৈশাখ ১৪২৭ / ০৭ মে ২০২০

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ও প্রভাবশালী মার্কিন সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক গত ২২ এপ্রিল ২০২০ তারিখে প্রকাশিত ‘8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis’-শীর্ষক নিবন্ধে কানাডিয়ান লেখক মিজ্ আভিভাহ উইটেনবার্গ-কক্স কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় নারী নেতৃত্বাধীন আটটি দেশের গৃহীত পদক্ষেপের ওপর আলোকপাত করেন।

উক্ত নিবন্ধে তিনি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন ১৬ কোটির অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশের নিকট দুর্যোগ-সংকট অপরিচিত কিছু নয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোভিড-১৯ করোনা ভাইরাস সংকট মোকাবেলায় ত্বরিত কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেন, যা স্বনামধন্য আন্তর্জাতিক সংস্থা ‘ওয়ার্ল্ড ইকোনোমিক ফোরাম’ কর্তৃক ‘প্রশংসনীয় উদ্যোগ’ মর্মে আখ্যায়িত হয়েছে। উক্ত নিবন্ধে আরও উল্লেখ করা হয় যে, দেশটির সর্বাধিক মেয়াদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফেব্রুয়ারির প্রথম দিকে চীনে আটকে পড়া বাংলাদেশি নাগরিকদের দেশে ফিরিয়ে আনার উদ্যোগ গ্রহণ করেন। তিনি মার্চের শুরুর দিকে দেশে প্রথম করোনা ভাইরাস সংক্রমণ শনাক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করেন এবং অত্যাবশ্যকীয় ব্যতীত অন্যান্য ব্যবসা-বাণিজ্য অনলাইনে পরিচালনার নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া, মাননীয় প্রধানমন্ত্রীর প্রাজ্ঞ নির্দেশনায় দেশের সকল আন্তর্জাতিক বিমানবন্দরে নোভেল করোনা ভাইরাস সংক্রমণ রোধের লক্ষ্যে উন্নত প্রযুক্তির স্ক্রিনিং ডিভাইস স্থাপন করা হয়, যার মাধ্যমে প্রায় সাড়ে ছয় লাখ যাত্রীকে স্ক্রিনিং-এর আওতায় আনা হয় এবং তাঁদের মধ্যে ৩৭ হাজার ব্যক্তিকে তাৎক্ষণিকভাবে কোয়ারেন্টিনে পাঠানো হয়। অনুরূপ উদ্যোগ যুক্তরাজ্যের ক্ষেত্রেও পরিলক্ষিত হয়নি। ‘ফোর্বস’-এর উক্ত নিবন্ধে করোনা মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই সকল উদ্যোগের ভূয়সী প্রশংসা করা হয়।

‘ফোর্বস’ সাময়িকীর উক্ত নিবন্ধে কোভিড-১৯ করোনা ভাইরাস মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ছাড়াও সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হালিমা ইয়াকুব, হংকংয়ের প্রধান নির্বাহী ক্যারি ল্যাম, নেপালের প্রেসিডেন্ট বিদ্যা দেবী ভান্ডারী, ইথিওপিয়ার প্রেসিডেন্ট সাহলে-ওর্ক জাদে, জর্জিয়ার প্রেসিডেন্ট সালোমে জারাবিশিলি, বলিভিয়ার অন্তর্বর্তীকালীন প্রেসিডেন্ট জেনিনে আনিজ এবং নামিবিয়ার প্রধানমন্ত্রী সারা কুগোনগেলা-মাদিলা কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের প্রশংসা করা হয়েছে।

উল্লেখ্য, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্বব্যাপী মহামারী আকারে ছড়িয়ে পড়া কোভিড-১৯ করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে কার্যকর প্রয়াস নিরন্তর চালিয়ে যাচ্ছেন। তিনি করোনা-উদ্ভূত পরিস্থিতিতে বিভিন্ন প্রায়োগিক পদক্ষেপ গ্রহণ করা ছাড়াও গণ-অনুসরণীয় ৩১ দফা নির্দেশনা প্রদান করেন, যা দেশে প্রাণঘাতী এই ভাইরাসের সংক্রমণ সুনিয়ন্ত্রণে উল্লেখযোগ্য ভূমিকা রেখে আসছে। মাননীয় প্রধানমন্ত্রী ভিডিও-কনফারেন্সিংয়ের মাধ্যমে করোনা ভাইরাসের সার্বিক পরিস্থিতির বিষয়ে মাঠপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, জনপ্রতিনিধিসহ স্থানীয় অন্যান্য ব্যক্তিবর্গের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে প্রয়োজনীয় দিক্-নির্দেশনা প্রদান করে যাচ্ছেন। তাঁর দূরদর্শী সিদ্ধান্ত অনুসরণক্রমে সামাজিক দূরত্ব নিশ্চিতকরণে গত ২৬ মার্চ ২০২০ তারিখ হতে দেশব্যাপী সাধারণ ছুটি বহাল রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা নোভেল করোনায় আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপত্তা বিধানের ক্ষেত্রেও কার্যকর পদক্ষেপ গ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রাজ্ঞ নির্দেশনা ও প্রত্যক্ষ তত্ত্বাবধানের কারণে দেশে করোনা ভাইরাসে আক্রান্ত ব্যক্তির সংখ্যা, আক্রান্ত ব্যক্তিদের চিকিৎসা ও আরোগ্য-সংখ্যা সন্তোষজনক পর্যায়ে রয়েছে, সেইসঙ্গে এই রোগে মৃত্যুর হার অন্যান্য দেশের তুলনায় অনেক নিম্নে অবস্থান করছে।

সীমিত সম্পদ, ঘনবসতিপূর্ণ এবং অধিক জনসংখ্যার দেশ বাংলাদেশে বিভিন্ন দুর্যোগ ও সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের গৃহীত পদক্ষেপসমূহ দেশে-বিদেশে সর্বদা সমাদৃত হয়ে আসছে। কোভিড-১৯ করোনা ভাইরাসের সংকট মোকাবেলায়ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গৃহীত পদক্ষেপসমূহ বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক ইতোমধ্যে সন্তোষজনক মর্মে প্রশংসিত হয়েছে। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী ‘ফোর্বস’ কর্তৃক প্রকাশিত ‘8 (More) Women Leaders Facing The Coronavirus Crisis’-শীর্ষক নিবন্ধে উল্লিখিত সফল নারী নেত্রীদের তালিকায় অন্তর্ভুক্তির মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd